



COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

Vivekananda Street, Cooch Behar - 736101, West Bengal, India

Ph. : (03582) 229030, Tele-Fax : (03582) 224011

E-mail : vc@cbpbu.ac.in, debkumarmukherjee1@gmail.com

debkumart@yahoo.com, Website : www.cbpbu.ac.in

Dr. Debkumar Mukhopadhyay
Vice-Chancellor

প্রেস রিলিজ

২০১২ সালে পাশ্চমবঙ্গ সরকারের উদ্যোগে ইউ জি সি স্বীকৃত একটি উৎকর্ষ সারস্বত চর্চা কেন্দ্র হিসাবে কুচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় গড়ে ওঠে। বিশ্ববিদ্যালয়ের বহুমুখী উদ্দেশ্যের অন্যতম হল প্রাচীন কামতা-কুচবিহারের ইতিহাসের সাহিত্যগত এবং প্রত্নতাত্ত্বিক উপাদান সংরক্ষণ। ইতিমধ্যে এর জন্য এই প্রতিষ্ঠানে মহারাজা নৃপেন্দ্র নারায়ণ ভূপ বাহাদুর মিউজিয়াম অ্যান্ড আর্কাইভস স্থাপিত হয়েছে।

আমরা কুচবিহার এবং পাস্চবর্তী জেলাগুলোর জনসাধারণের কাছে পরিবারে রক্ষিত কুচবিহার গেজেট, কুচবিহার দর্পণ এবং অন্যান্য প্রাচীন সাময়িকী, নারায়ণী বা অন্যান্য প্রাচীন মুদ্রা, রাজ আমলের কুচবিহারের বিভিন্ন ব্যাক্স এর পাশবুক, চেক বই, স্ট্যাম্প পেপার, পুঁথি, শিলালেখ, বাদ্যযন্ত্র, পোশাক, ব্যাজ, প্রাচীন অস্ত্রশস্ত্র, মূর্তি, মুখোশ, দলিল বা অন্য যে কোনও সামগ্রী বিশ্ববিদ্যালয় লেখ্যাগার এবং মিউজিয়ামে তুলে দেওয়ার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। বিশ্ববিদ্যালয় কৃতজ্ঞচিত্তে তা গ্রহণ করবে এবং গবেষণার স্বার্থে তাঁদের বা তাঁদের পূর্বপুরুষের নামে সামগ্রীটি বিজ্ঞানসন্মত ভাবে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য সংরক্ষিত হবে।

(দেবকুমার মুখোপাধ্যায়)

Spt. Adm
14/12/14